# প্রেস বিজ্ঞপ্তি

## জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার তদারকিঃ

## বিভিন্ন অপরাধে ৫৮ টি প্রতিষ্ঠানকে ৩.৫৩ লক্ষ টাকা জরিমানা

**১০ এপ্রিল ২০১৭ খ্রি:**

বাণিজ্য মন্ত্রণালয়াধীন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের ঢাকা বিভাগীয় কার্যালয়, বিভিন্ন বিভাগীয় ও জেলা কার্যালয়ের ১৮ জন কর্মকর্তার নেতৃত্বে ঢাকা মহানগর, সুনামগঞ্জ, কিশোরগঞ্জ, কুড়িগ্রাম, খুলনা, কুষ্টিয়া, টাঙ্গাইল, বরিশাল ময়মনসিংহ, লক্ষীপুর, যশোর হবিগঞ্জ, জয়পুর হাট, রংপুর, চট্রগ্রাম, পটুয়াখালীতে আজ বাজার তদারকি করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক শাহনাজ পারভীন এর নেতৃত্বে ঢাকা মহানগরীর মোহাম্মদপুর এলাকায় পণ্যের মোড়ক ইত্যাদি ব্যবহার না করা, অবৈধ প্রক্রিয়ায় পণ্য উৎপাদন বা প্রক্রিয়াকরণ করা, মেয়াদ উত্তীর্ণ পণ্য বা ঔষধ বিক্রয় করার অপরাধে ভাগ্যকুল সুইটস এন্ড বেকারী, Fuji Tran Restaurant ও বিক্রমপুর সুইটস কে ২০,০০০/- (বিশ হাজর) টাকা, ২০,০০০/- (বিশ হাজার) টাকা ও ১২,০০০/- (বার হাজার) টাকা এবং আফরোজা রহমান এর নেতৃত্বে পণ্যের মোড়ক ইত্যাদি ব্যবহার না করা এবংঅবৈধ প্রক্রিয়ায় পণ্য উৎপাদন বা প্রক্রিয়াকরণ করার অপরাধে মধুবন, আল ইসলাম সুইটস বেকারী, আল ইসলাম সুইটস এন্ড বেকারী, নিউ রাজধানী ফুড স্কয়ার, নোয়াখালী রেস্তোরা, আল মুসলিম হোটেলকে ৫,০০০/-( পাঁচ হাজার) টাকা, ১৫,০০০/- (পনের হাজার) টাকা, ২০,০০০/- (বিশ হাজার) টাকা, ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা, ১৫,০০০/- (পনের হাজার) টাকা এবং ১০,০০০/- (দশ হাজার) টাকাসহ মোট **১,২২,০০০/- (এক লক্ষ বাইশ হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

সুনামগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ জাহাঙ্গীর আলম এর নেতৃত্বে সুনামগঞ্জের সদর উপজেলায় ১টি প্রতিষ্ঠানকে **৬,০০০/- (ছয় হাজার) টাকা,** কিশোরগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক ইব্রাহিম হোসেন এর নেতৃত্বে কিশোরগঞ্জের কটিয়াদি উপজেলায় ৩টি প্রতিষ্ঠানকে **১৩,০০০/- ( তের হাজার) টাকা,** চট্রগ্রাম জেলা কার্যালয়ের সহকারী পরিচালক বিকাশ চন্দ্র দাশ এর নেতৃত্বে চট্রগ্রামের পাঁচলাই উপজেলায় ১টি প্রতিষ্ঠানকে **৫,০০০/- (পাঁচ হাজার) টাকা,** পটুয়াখালী জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ আল আমিন এর নেতৃত্বে পটুয়াখালীর ডুমকি উপজেলায় ৩টি প্রতিষ্ঠানকে **২৫,০০০/-(পচিঁশ হাজার) টাকা,** কুড়িগ্রাম জেলা কার্যালয়ের সহকারী পরিচালক শেখ সাদী এর নেতৃত্বে কুড়িগ্রামের উলিপুর উপজেলায় ৩টি প্রতিষ্ঠানকে **১২,০০০/- (বার হাজার) টাকা,** খুলনা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক শিকদার শাহীনুর আলম এর নেতৃত্বে খুলনার সদর উপজেলায় ২টি প্রতিষ্ঠানকে **২৫,০০০/- (পচিঁশ হাজার) টাকা,** কুষ্টিয়া জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ সেলিমুজ্জামান এর নেতৃত্বে কুষ্টিয়ার দৌলতপুর উপজেলায় ৪টি প্রতিষ্ঠানকে **২৯,০০০/- (উনত্রিশ হাজার) টাকা,** টাঙ্গাইল জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মাগফুর রহমান এর নেতৃত্বে টাঙ্গাইলের ঘাটাইল উপজেলায় ২টি প্রতিষ্ঠানকে **৬,০০০/- (ছয় হাজার) টাকা,** বরিশাল জেলা কার্যালয়ের সহকারী পরিচালক শাহ শোয়াইব মিয়া এর নেতৃত্বে বরিশালের কোতায়াল থানায় ১টি প্রতিষ্ঠানকে **১০,০০০/- (দশ হাজার)** টাকা, ময়মনসিংহ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক দেবানন্দ সিনহা এর নেতৃত্বে ময়মনসিংহ তারকান্দা উপজেলায় ৪টি প্রতিষ্ঠানকে **১৮,০০০/- (আঠার হাজার) টাকা,** শেরপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ আরিফুল ইসলাম এর নেতৃত্বে শেরপুরের শ্রবদী উপজেলায় ২টি প্রতিষ্ঠানকে **৫,০০০/-(পাঁচ হাজার) টাকা,** লক্ষীপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক দেবাশীষ রায় এর নেতৃত্বে লক্ষীপুর সদর উপজেলায় ২টি প্রতিষ্ঠানকে **৫,০০০/-(পাঁচ হাজার) টাকা**, যশোর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক সোহেল শেখ এর নেতৃত্বে যশোর সদর উপজেলায় ২টি প্রতিষ্ঠানকে **৮,০০০/- (আট হাজার) টাকা,** হবিগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোহাম্মদ সেলিম এর নেতৃত্বে হবিগঞ্জ সদর থানায় ২টি প্রতিষ্ঠানকে **১১,০০০/- (এগার হাজর)** টাকা, জয়পুরহাট জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ শরিফুল ইসলাম এর নেতৃত্বে জয়পুরহাটের সদর উপজেলায় ১টি প্রতিষ্টানকে **১,০০০/- (এক হাজার নয়শত)** টাকা, রংপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক আফসানা পারভীন এর নেতৃত্বে রংপুরের মিঠাপুকুর উপজেলায় ৩টি প্রতিষ্ঠানকে **১০,০০০/- (দশ হাজার)** টাকাসহ মোট **১,৮৯,০০০/- (এক লক্ষ উননব্বই হাজার) টাকা** অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরী, সেবার মূল্যের তালিকা সংরক্ষণ ও প্রদর্শন না করা, খাদ্য পণ্যে নিষিদ্ধ দ্রব্যের মিশ্রণ, অবহেলা ইত্যাদি দ্বারা সেবা গ্রহীতার অর্থ, স্বাস্থ্য, জীবনহানি ইত্যাদি ঘটানো ও মেয়াদ উত্তীর্ণ পণ্য বা ঔষধ বিক্রয়ের অপরাধে জরিমানা আরোপ ও আদায় করা হয়।

প্রধান কার্যালয়ের সহকারী উপ-পরিচালক মোঃ ফিরোজ সরকার কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে বাবা রাফি কাবার তুর্কি ও কাবাব তুর্কি বাবা রাফিকে ২,০০০/- (দুই হাজার) টাকা ও ২,০০০/- (দুই হাজার) টাকা করে মোট **৪,০০০/- (চার হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ২ জন অভিযোগকারীকে ২৫ % হিসেবে ১,০০০/- (এক হাজার) টাকা প্রদান করা হয়।

রাজশাহী বিভাগীয় কার্যালয়ের সহাকারী পরিচালক মাসুম আল মারুফ কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে ড্রিম ক্যাফে কে **৬,০০/- (ছয়শত) টাকা,** বরিশাল জেলা কার্যালয়ের সহকারী পরিচালক শাহ শোয়াইব মিয়া কর্তৃক পণ্যের মোড়ক ইত্যাদি ব্যবহার না করা, ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয় করার অপরাধে মিল্ক আইচবার ও সোহানা জেনারেল স্টোর কে ৩,০০০/- (তিন হাজার) টাকা ও ১,৫০০/- (এক হাজার পাঁচশত) টাকা, চট্রগ্রাম বিভাগীয় কার্যালয়ের সহকারী পরচালক নাসরিন আক্তার কর্তৃক ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে Cube cafe ও মোহারা রেষ্টুরেন্টকে **৪,০০০/- (চার হাজার) টাকা ও ৫,০০০/- (পাঁচ হাজার)** টাকা , হবিগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোহাম্মদ সেলিম কর্তৃক হবিবিগঞ্জ সদর থানায় ১টি প্রতিষ্ঠানকে **১০,০০/-(দশ হাজার) টাকা** সহ মোট **২৪,১০০/- (চব্বিশ হাজার একশত)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ৬ জন অভিযোগকারীকে ২৫ % হিসেবে ৬০২৫/- (ছয় হাজার পঁচিশ) টাকা প্রদান করা হয়।

কুমিল্লা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক আছাদুল ইসলাম কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে সরমা হাউস, বাংলা রেস্তোরা, উইরো কিং চাইনিজ হোটেল, CP Five star ও জোহান স্টোরকে **২,০০০/- (দুই হাজার) টাকা, ৪,০০০/- (চার হাজার) টাকা, ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা, ১,০০০/- (এক হাজার) টাকা ও ২,০০০/- (দুই হাজার)** টাকাসহ মোট **১৪,০০০/- (চৌদ্দ হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ৫ জন অভিযোগকারীকে ২৫ % হিসেবে ৩,৫০০/- (তিন হাজার) টাকা প্রদান করা হয়।

আজকের **২০টি** বাজার তদারকির ও **১৩টি** অভিযোগ নিস্পত্তির মাধ্যমে **৫৮টি** প্রতিষ্ঠানকে মোট **৩,৫৩,১০০/- (তিন লক্ষ তিপ্পান্ন হাজার একশত)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়। এছাড়া গত ৯ এপ্রিল ২০১৭ তারিখে ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক আফরোজা রহমান এর নেতৃত্বে অভিযোগ নিস্পত্তির মাধ্যমে ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয় করার অপরাধে Caffe House, বারকোড ক্যাফে, স্টার বেকারী এবং স্টার হোটেলকে ২,০০০/- (দুই হাজার) টাকা, ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা, ২,০০০/-(দুই হাজার) টাকা ও ২,০০০/- (দুই হাজার) টাকাসহ মোট ১১,০০০/- (এগার হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ৪ জন অভিযোগকারীকে ২,৭৫০/-(দুই হাজার সাতশত পঞ্চাশ) টাকা প্রদান করা হয়। তদারকিকালে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে লিফলেট ও প্যাম্পলেট বিতরণ করা হয়েছে। সংশ্লিষ্ট জেলা প্রশাসন, আর্মড পুলিশ ব্যাটালিয়ান ও জেলা পুলিশ, সিভিল সার্জনের প্রতিনিধি, কৃষি অফিসার, স্যানেটারী ইন্সপেক্টর, বাজার কর্মকর্তা, শিল্প ও বণিক সমিতির প্রতিনিধি এবং ক্যাব এসব তদারকি কার্যে সহায়তা প্রদান করেন।

স্বাক্ষরিত/-
(রিনা বেগম)
সহকারী পরিচালক (কার্যক্রম)

**অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১। মহাপরিচালক, র‌্যাব/বিটিভি/বাংলাদেশ বেতার/কৃষি বিপণন অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর, ঢাকা।
২। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি/প্রধান বার্তা সম্পাদক, বাসস, ঢাকা।
৩। পুলিশ কমিশনার, ঢাকা, চট্রগ্রাম, খুলনা, রংপুর, বরিশাল ও সিলেট মহানগর।
৪। যুগ্ম সচিব (আইআইটি), বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
৫। পরিচালক (নিউজ), বাংলাদেশ বেতার আগারগাঁও, ঢাকা।
৬। জেলা প্রশাসক, ঢাকা মহানগর, সুনামগঞ্জ, কিশোরগঞ্জ, কুড়িগ্রাম, খুলনা, কুষ্টিয়া, টাঙ্গাইল, বরিশাল ময়মনসিংহ, লক্ষীপুর, যশোর হবিগঞ্জ, জয়পুর হাট, রংপুর, চট্রগ্রাম, পটুয়াখালী।
৭। পুলিশ সুপার, ঢাকা মহানগর, সুনামগঞ্জ, কিশোরগঞ্জ, কুড়িগ্রাম, খুলনা, কুষ্টিয়া, টাঙ্গাইল, বরিশাল ময়মনসিংহ, লক্ষীপুর, যশোর হবিগঞ্জ, জয়পুর হাট, রংপুর, চট্রগ্রাম, পটুয়াখালী।
৮। ভারপ্রাপ্ত সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (ভারপ্রাপ্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৯। অধিনায়ক ১, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।
১০। অধিনায়ক ৫, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।
১১। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১২। জনসংযোগ কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।